46

আজকের কাগজ

তারিখ ... 01 JUL 1995 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

### মতলব কলেজ সরকারিকরণের দাবি

# ৩১ বছরেও কেউ কথা রাখেনি

**জাকির হোসেন :** চাঁদপুর জেলা সদরের অনতি দূরে মতলব থানা সদরের প্রাণকেন্দ্রে অবস্থিত মতলব ডিগ্রি কলেজ জেলার অন্যতম শ্রেষ্ঠ বেসরকারি বিদ্যাপীঠ। অনেক ঐতিহ্যের ধারক ও বাহক এই কলেজটি ১৯৬৪ সালের ১ আগস্ট তৎকালীন সিএসপি নূরুল কাদের খান তথা এলাকাবাসীর প্রাণান্ত চেষ্টায় প্রায় ১৩ একর জায়গার উপর প্রতিষ্ঠিত হয়। স্বীয় ঐতিহ্যে ভাস্বর এই কলেজটি সময়ের রূঢ় বাস্তবতার নাগর দোলায় হাঁটি হাঁটি পা পা করে আজ একটি পূর্ণাঙ্গ ডিগ্রি কলেজে রূপ লাভ করেছে। কলেজটিতে রয়েছে উপচে পড়া ছাত্রছাত্রী। প্রায় তিন হাজার ছাত্রছাত্রীর বিচরণ ভূমি মতলব কলেজের সবুজ আঙ্গিনা আত্মিক ও বৈশিষ্ট্য পরিপূর্ণতা পেলেও অদ্যাবধি কোনো সরকারের নেক নজরে পড়েনি ৩১ বছর বয়স্ক আপন বয়স ও মহিমার ভারে নুয়ে পড়া এই প্রতিষ্ঠানটি। কলেজটিতে কর্মরত রয়েছে ৩৮ জন অভিজ্ঞ ও মেধাবী শিক্ষক শিক্ষিকা। যাদের অক্লান্ত পরিশ্রমে প্রায় প্রতি বছরই উচ্চ মাধ্যমিক ও স্নাতক পরীক্ষায় এই কলেজের অনেক ছাত্রছাত্রী কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়ে আসছে। প্রতিষ্ঠা লাভের পর থেকে উচ্চ মাধ্যমিক ও স্নাতক পর্যায়ের পরীক্ষায় এই কলেজের ছাত্রছাত্রীদের গড় ফলাফলও বেশ সন্তোষজনক। কলেজে রয়েছে মাছ চাষের ৫টি বিরাট পুকুর; রয়েছে ৫ হাজার বই সমৃদ্ধ একটি উন্নতমানের লাইব্রেরী;

ছাত্রছাত্রীদের থাকার ব্যবস্থা হিসেবে কলেজে রয়েছে দু'টি ছাত্রাবাস; নিজস্ব একটি মসজিদ থাকা ছাড়াও কলেজের রয়েছে ৫টি শিক্ষক কোয়ার্টার; ১টি বিরাট খেলার মাঠ। এতদ্ব্যতীত, কলেজটিতে ইতিমধ্যে চালু হয়েছে বিএসসি কোর্স,

তৈরি করা হয়েছে ১৮ লাখ টাকা ব্যয়ে নতুন বিজ্ঞান ভবন। আসছে নতুন বই আসবাবপত্র ও যন্ত্রপাতি। মোটের ওপর, আঙ্গিক ও বৈশিষ্ট্যে থানা সদরের বেসরকারি যে কোনো কলেজের চেয়ে উন্নত তথা সরকারিকরণের সকল যোগ্যতা ও শর্তাবলী পূরণের অধিকারী হওয়া সত্ত্বেও অদ্যাবধি কলেজটি সরকারিকরণের মুখ না দেখায় এলাকাবাসীর মনে ক্ষোভের সৃষ্টি হয়েছে। বর্তমান সরকার তথা অতীতের সকল সরকারের আমলে মতলবের স্থানীয় এমপি, মন্ত্রীরা মতলব কলেজের বিভিন্ন অনুষ্ঠানে এসে কলেজটিকে সরকারিকরণের আশ্বাস দিয়েছিলেন। ১৯৮৮ সালের বন্যাক্রান্ত

মতলববাসীকে দেখতে এসে জনসভায় আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা এবং বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়া মতলব ডিগ্রি কলেজকে সরকারিকরণের জন্যে তৎকালীন সরকারের প্রতি জোর দাবি জানিয়েছিলেন। বেগম খালেদা জিয়া আজ মাননীয়া প্রধানমন্ত্রী। এলাকাবাসী প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার আশু দৃষ্টি কামনা করে অবিলম্বে

অবিলম্বে মতলব ডিগ্রি কলেজকে সরকারিকরণের জন্য জোর দাবি জানিয়েছেন।